# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ মুতাহ যুদ্ধ (مَعْرِكَةُ مُؤْتَةَ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

ইসলামী সৈন্যদলের পূর্ব গমন এবং হঠাৎ ভয়ানক অবস্থার সম্মুখীন (تَحَرُّكُ الْجَيْشِ الْإِسْلَامِيْ،وَمُبَاغَتَته حَالَةَ رَهِيْبَة):

ইসলামী সৈন্যদল উত্তর দিকে অগ্রসর হয়ে মা‘আন নামক স্থানে পৌঁছেন। এ স্থানটি উত্তর হিজাযের সন্নিকটে শামী (উরদুনী) অঞ্চলে অবস্থিত। মুসলিম বাহিনী এখানে শিবির স্থাপন করেন। মুসলিম বাহিনীর গোয়েন্দাগণ সংবাদ পরিবেশন করেন যে, রোমান সম্রাট হিরাক্কল বালক্বা’ নামক অঞ্চলের মাআব নামক স্থানে এক লক্ষ রোমান সৈন্যসহ অবস্থান করেছেন এবং লাখম ও জুযাম বালক্বাইন ও বাহরা এবং বালী (আরবের বিভিন্ন গোত্র) গোত্রের অতিরিক্ত এক লক্ষাধিক সৈন্য তাদের পতাকা তলে সমবেত হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6369

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন